আজকের কাগজ

তারিখ 05 OCT 1996
পৃষ্ঠা ৬ কলাম ৬

৪১

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে মুক্তিযুদ্ধের ভাস্কর্য নির্মাণে আবারো অনিশ্চয়তা দেখা দিয়েছে

ইসলামী বিশ্ববিদ্যালয়ে মুক্তিযুদ্ধের ভাস্কর্য নির্মাণে অনিশ্চয়তা দেখা দিয়েছে। উপাচার্য ডঃ এনাম-উল-হক এ অঞ্চলের লাখ লাখ স্বাধীনতা প্রিয় মানুষের প্রত্যাশা ও ছাত্র আন্দোলনের প্রতি শ্রদ্ধা জানিয়ে, স্বাধীনতা যুদ্ধে আত্মউৎসর্গীকৃত মহান শহীদদের স্মৃতিকে আগামী প্রজন্মের কাছে তুলে ধরতে ইঃ বিঃ চত্বরে স্মৃতিফলক নির্মাণের ঘোষণা দেন। স্বাধীনতা বিরোধী ঘাতক জামাত শিবিরের প্রবল বিরোধিতা, শিবিরের আন্দোলন, সন্ত্রাসী কর্মকাণ্ড উপেক্ষা করে তিনি এ ঘোষণা দিয়ে ভূয়সী প্রশংসা কুড়ান। এ লক্ষ্যে গঠিত হয় ৩ সদস্য বিশিষ্ট একটি আহবায়ক কমিটি।

প্রত্যক্ষদর্শী একটি নির্ভরযোগ্য সূত্রে জানা যায়, কুষ্টিয়ায় তার বাসভবনে ছাত্রদের উদ্দেশে তিনি বলেছেন যে বিতর্কিত নয় এবং ধর্ম ও ইসলামের সঙ্গে সমন্বয় করে ভাস্কর্য নির্মাণ করা হবে। এ বক্তব্যে ছাত্ররা তাৎক্ষণিকভাবে প্রতিবাদ করে জানিয়েছে যে, ধর্মের ভিত্তিতে মুক্তিযুদ্ধ হয়নি। মুক্তিযুদ্ধের বাস্তবতায় ভাস্কর্য নির্মাণ করতে হবে। এ পর্যায়ে উপাচার্য কোনো মন্তব্য করেননি বলে জানা গেছে। এদিকে ভাস্কর্য নির্মিত হলে ঘাতক রাজাকারদের অপকীর্তি প্রকাশ ও মুক্তিযুদ্ধের চেতনা উন্মোচিত হওয়ার ভয়ে নরপশু গোলাম আযম চক্রের দোসররা এটাকে মূর্তিপূজা হিন্দু কাফেরদের কাজ ও ইসলাম বিরোধী বলে প্রচার চালাচ্ছে। ফলে অবস্থাদৃষ্টে ইঃ বিঃতে মুক্তিযুদ্ধের ভাস্কর্য নির্মাণে নতুন করে আবার অনিশ্চয়তা দেখা দিয়েছে।
শৈলকুপা থেকে সদরুল আইন।